

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

অফিস: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা


পত্র নং: ঢাবো/পনি/৮৬৮

তারিখ: ২৭/১০/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩১ অক্টোবর ২০২৬ খ্রি. সকাল ১১:০০ ঘটিকায় এইচএসসি ও সমমান পরীক্ষা ২০২৬-এর ফলাফল প্রকাশ অনুষ্ঠান আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকায় অনুষ্ঠিত হবে। ফলাফল প্রকাশ অনুষ্ঠান উদ্বোধনের সাথে সাথেই ফলাফল স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে প্রকাশিত হবে। নিম্নলিখিত যে কোনো পদ্ধতিতে স্ব স্ব প্রতিষ্ঠানের **Result sheet download** করা যাবে এবং SMS-এর মাধ্যমে পরীক্ষার্থীরা তাঁদের ফলাফল জানতে পারবেন।

২. বোর্ডসমূহ কর্তৃক প্রকাশিত ফলাফল সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে <https://eduboardresults.gov.bd> এবং <https://educationboardresults.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে সংগ্রহ করতে হবে।
৩. সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত ফলাফল ডাউনলোড করে প্রকাশ করার জন্য উক্ত ওয়েবসাইটের **Result** কর্ণারে ক্লিক করে বোর্ড ও প্রতিষ্ঠানের **EIIN**-এর মাধ্যমে ফলাফল ডাউনলোড করার পরামর্শ দেওয়া হলো।
৪. পরীক্ষার্থীগণ পরীক্ষার ফলাফল স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান থেকেও সংগ্রহ করতে পারবেন।
৫. পরীক্ষার্থীগণ শিক্ষা বোর্ডসমূহের কমন ওয়েবসাইট <https://eduboardresults.gov.bd> ও <https://educationboardresults.gov.bd> এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে ফলাফল সংগ্রহ করতে পারবেন।
৬. এছাড়াও, পরীক্ষার্থীগণ যে কোনো মোবাইল নম্বর থেকে 16140 নম্বরে SMS প্রেরণের মাধ্যমে ফলাফল সংগ্রহ করতে পারবেন। SMS-এর মাধ্যমে ফলাফল জানতে HSC < Space> বোর্ডের নামের প্রথম তিন অক্ষর < Space> রোল নম্বর < Space> পরীক্ষার বছর লিখে 16140 নম্বরে পাঠাতে হবে।
উদাহরণ: HSC Dha 123456 2026 লিখে 16140 নম্বরে Send করতে হবে।
৭. উল্লেখ্য যে, শিক্ষা বোর্ড, শিক্ষা মন্ত্রণালয় বা পত্রিকা অফিসে কোনো ফলাফল পাওয়া যাবে না।
৮. উত্তরপত্র পুনঃনিরীক্ষণসহ পুনর্মূল্যায়নের জন্য অনলাইনের মাধ্যমে ০১/১১/২০২৬খ্রি. থেকে ০৭/১১/২০২৬খ্রি. পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। আবেদন প্রক্রিয়া ও সংশ্লিষ্ট নির্দেশনা শিক্ষা বোর্ডসমূহের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।


প্রফেসর সৈয়দ আতিকুররহমান
সভাপতি
বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৯৬১৫২৩৫


প্রফেসর জেসমিন তাসলিমা বানু
আহবায়ক
আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটি
ও
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-২২৩৩৬৯৮১৫